গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০১৭.২৭.০০১.১৭. ৫১৭

তারিখ ঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলার রাইগাঁ ইউনিয়ন পরিষদের অন্তর্গত নাউরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এস.এস.সি কমিটি গঠনকে কেন্দ্র করে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব শিল্পি রাণী মৈত্র ও তাঁর স্বামীকে মারধর করায় শিল্পী রানী মৈত্র বাদী হয়ে রাইগাঁ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ মঞ্জুর আলম এর বিরুদ্ধে মহাদেবপুর থানায় গত ১৬/০৯/২০১৬ তারিখে ফৌজদারী মামলা নং-১০/১৬ দায়ের করেন, যার জি.আর নং-২৫৫, গত ২৮/০২/২০১৭ তারিখে উক্ত মামলার চার্জশীট দাখিল করেন এবং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক ২৮/০৩/২০১৭ তারিখে গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক নওগাঁ জেলার মহাদেবপুর উপজেলার রাইগাঁ ইউপি চেয়ারম্যান জনাব মোঃ মঞ্জুর আলমকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৬/০৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৪০০.০১৭.২৭.০০১.১৭. ৫১৭

তারিখ ঃ ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, নওগাঁ।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। জনাব মোঃ মঞ্জুর আলম, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), রাইগাঁ ইউনিয়ন পরিষদ, মহাদেবপুর, নওগাঁ।

০৬/০৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

D:\DOCUMENT\UP DECIPLINE\LETTER -DEATH & SUSPENT.doc-187

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৫০০.০১৭.২৭.০০২.১৭. ৫২০

তারিখ : ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার রায়পুর ইউপি চেয়ারম্যান জনাব আনিছুর রহমান এর বিরুদ্ধে ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি এর অর্থ দ্বারা কাজ না করে আত্মসাত করার অভিযোগ উত্থাপিত হয়;

যেহেতু, উক্ত অভিযোগের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ বি এম আরশাদ হোসেন তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদনের সার্বিক মন্তব্যে উল্লেখ করা হয় যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের ১ম কিস্তির জন্য বরাদ্দকৃত ৬,০৬,৮৭৫/- টাকা দিয়ে ৬টি স্কীম গ্রহণ করা হয় এবং স্কীমগুলি বিজিসিসি কমিটিতে উপস্থাপনের জন্য দাখিল করা হয়। বিজিসিসির অনুমোদনের পূর্বেই গত ০৭/০২/২০১৬ তারিখে সকল স্কীমের টাকা উত্তোলন করা হয়;

যেহেতু, এলজিএসপি:২ এর ২০১৫-২০১৬ অর্থ বছরের ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ ৯,৮৯,৫২৩/- টাকা দিয়ে ১৩টি প্রকল্প গ্রহণ করা হয়। তদন্তকালে উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের কোন তথ্য পাওয়া যায়নি। বিজিসির অনুমোদনের পর ১৩টি প্রকল্পের সকল টাকা আত্মসাতের উদ্দেশ্যে উত্তোলণ করা হয়েছে। সংশ্লিষ্ট চেক ও চেক রেজিষ্ট্রার পরীক্ষান্তে দেখা যায়, উক্ত প্রকল্পসমূহের সমস্ত টাকা ২জন সরবরাহকারীর নামে উত্তোলন করা হয়েছে;

যেহেতু, উল্লিখিত বিষয়ে চেয়াম্যান জানায় যে, তাঁর ব্যক্তিগত প্রয়োজনে উক্ত টাকা খরচ করা হয়েছে। যেহেতু, তদন্ত কর্মকর্তার মন্তব্যে এলজিএসপি:২ এর ২০১৫-২০১৬ অর্থ বছরের ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ ৯,৮৯,৫২৩/- টাকা ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব কর্তৃক চেক স্বাক্ষরের মাধ্যমে উত্তোলন করে আত্মসাত করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে;

যেহেতু, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার ০৮নং রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আনিছুর রহমান এর বিরুদ্ধে ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ অর্থ বছরে এলজিএসপি:২ এর অর্থ আত্মসাতের অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয়, রংপুর হতেও তার বিরুদ্ধে একই অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে;

যেহেতু, তাঁর এরূপ কার্যক্রম দুর্নীতির সামিল এবং যেহেতু, অতিরিক্ত সচিব, স্থানীয়র বিভাগের তদন্তে এবং দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয়, রংপুর উল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আনিছুর রহমান এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উক্ত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৬/৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০৯০০.০১৭.২৭.০০১.১৫(অংশ-১)- ৫২০

তারিখ : ২২ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ জুলাই, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, রংপুর
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর
০৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. জনাব আনিছুর রহমান, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), রায়পুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, রংপুর।

৬/৭/১৭

(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব

D:\DOCUMENTS\UP DECIPLINE\LETTER -DEATH & SUSPENT.doc-186